

আপনার বাচ্চার বয়স যখন 2 মাস



আপনার বাচ্চা কীভাবে খেলাধুলা করছে, শিখছে, কথা বলছে এবং ব্যবহার করছে তা থেকে আপনার শিশুর বিকাশের বিষয়ে গুরুত্বপূর্ণ ইঙ্গিত পাওয়া যায়। অধিকাংশ শিশু একটি নির্দিষ্ট বয়সে পৌঁছানোর পরেই বিকাশের পথ ধরতে পারে।

2 মাসের শেষে আপনার বাচ্চা কতটা বেড়ে উঠেছে তা দেখুন। এটি নিজের সঙ্গে করে নিয়ে যান এবং প্রতি সাক্ষাতেই আপনার শিশুর ডাক্তারের সঙ্গে আপনার শিশু বেড়ে ওঠার কোন পর্যায়ে পৌঁছেছে এবং এখন কী আশা রাখতে পারেন সেই নিয়ে কথা বলে নিন।

এই বয়সে অধিকাংশ শিশু কী করে:

সামাজিক/আবেগময়

- মানুষ দেখে হাসতে শুরু করে
- নিজেকে সাময়িক ভাবে শান্ত রাখতে পারে (মুখে হাত দিতে পারে এবং আঙুল চুষতে পারে)
- বাবামায়ের দিকে তাকাতে চেষ্টা করে

ভাষা/যোগাযোগ

- শিশুর কলধ্বনি
- শব্দের দিকে মাথা ঘোরানো

জ্ঞান বিষয়ক (শিক্ষা, চিন্তাভাবনা, সমস্যার সমাধান)

- মুখের দিকে মনোযোগ দেয়
- চোখ দিয়ে জিনিসের প্রতি তাকাতে শুরু করা এবং দূর থেকে মানুষকে চিনতে পারে
- নতুন কিছু না পেলে বিরক্ত হতে শুরু করে (কাঁদে, খিটখিট করে)

চলাফেরা/শারীরিক বিকাশ

- মাথা সোজা রাখতে পারবে এবং পেটে ভর দিয়ে এগুতে চেষ্টা করবে
- হাত ও পা দিয়ে অল্প চলাফেরা করবে

আপনার শিশুর মধ্যে এই সমস্ত বিষয় দেখা গেলে শুরুতেই আপনার শিশুর ডাক্তারের সঙ্গে কথা বলে প্রয়োজনীয় ব্যবস্থা নিন:

- জোরে হওয়া আওয়াজে সাড়া দেয় না
- কোনো কিছু নাড়াচাড়া করলে সেই দিকে তাকায় না
- মানুষ দেখে হাসে না
- মুখে হাত দেয় না
- পেটে ভর দিয়ে থাকার সময়ে মাথা সোজা রাখতে পারে না

বিকাশের দিক থেকে সম্ভাব্য দেরি হওয়ার এই সমস্ত লক্ষণ আপনি দেখতে পেলে, আপনার শিশুর ডাক্তার বা নার্সকে তা জানান এবং শুরুতেই ব্যবস্থা নেওয়ার জন্য **311** নম্বরে কল করুন।

Centers for Disease Control and Prevention, Learn the Signs (রোগ নিয়ন্ত্রণ এবং নিরাময় কেন্দ্র, লক্ষণ বুঝতে পারা) এর তরফ থেকে বিষয়বস্তু দেওয়া হয়েছে। শুরুতেই ব্যবস্থা নেওয়ার প্রোগ্রাম (Act Early Program) আরো বিস্তারিত ভাবে জানতে www.cdc.gov/ActEarly দেখুন।

শারীরিক ভাবে বেড়ে ওঠার মধ্যেই আপনার বাচ্চার বেড়ে ওঠা সীমাবদ্ধ নয়

বিকাশের বিষয়ে আরো বেশি করে জানতে nyc.gov দেখুন এবং “Child Development” অনুসন্ধান করুন

NYC
Health

Bengali